Student/Registration Number | | | | | | | | | | | Centre Number | | | | | | |

**2023** PUBLIC EXAMINATION

# Bengali
## Continuers Level

**Wednesday 18 October: 2 pm Australian Eastern Daylight Time**

Reading Time: 10 minutes
Working Time: 2 hours and 30 minutes

- *You have 10 minutes to read all the papers and to familiarise yourself with the requirements of the questions. You must not write during this time.*
- *Monolingual and/or bilingual printed dictionaries may be consulted during the reading time and also during the examination.*

## Section 1: Listening and Responding (30 marks)

**Instructions to Students**

1. Allow approximately 40 minutes for Section 1.
2. Write all your answers to the questions in Section 1 in this booklet in black or blue pen. Space is provided for you to make notes.
3. You must answer ALL questions in Part A and Part B.
4. Answer Part A in ENGLISH and Part B in BENGALI.
5. Write your student/registration number and the centre number (if required) on the front cover of this booklet.
6. All question booklets will be collected at the end of the examination.

*© Victorian Curriculum and Assessment Authority 2023*

**Part A** (Questions 1–3)
(15 marks)

---

*Your response will be assessed on how well you:*
- *understand general and specific aspects of texts by identifying and analysing information and convey the information accurately and appropriately.*

---

You will hear THREE texts. Each text will be played twice. There will be a short break between the first and second playings of each text. You may make notes at any time.

Listen carefully to each text and then answer the questions in ENGLISH.

**Marks**

You may make notes in this space. These notes will NOT be assessed.

**Text 1**

1. What are the identifiable features of the lost cat? **4**

___

___

___

___

___

___

Marks | You may make notes in this space. These notes will NOT be assessed.

**Text 2**

2. (a) Why does the garden have two sections? **2**

(b) What are the benefits of the garden for Avi and his family? **3**

Marks | You may make notes in this space. These notes will NOT be assessed.

**Text 3**

3. (a) State which two spices can be used interchangeably in the recipe. **2**

(b) How do the different preparations of potato affect the cooking process? **2**

(c) How can *aloor dom* (potato curry) be eaten? **2**

**Part B** (Questions 4–6)
(15 marks)

---

*Your response will be assessed on how well you:*

- *understand general and specific aspects of texts by identifying and analysing information and convey the information accurately and appropriately.*

---

You will hear THREE texts. Each text will be played twice. There will be a short break between the first and second playings of each text. You may make notes at any time.

Listen carefully to each text and then answer the questions in BENGALI.

**Marks** | You may make notes in this space. These notes will NOT be assessed.

**Text 4**

4. Provide evidence from the text that the visit to Niagara Falls made an impression on the speaker. **4**

   বক্তা যে নায়াগ্রা জল্‌প্রপাত দেখে মুগ্ধ হয়েছেন, এই বক্তব্য থেকে তার প্রমাণ দাও।

   ______________________________________________

   ______________________________________________

   ______________________________________________

   ______________________________________________

   ______________________________________________

   ______________________________________________

   ______________________________________________

   ______________________________________________

Marks | You may make notes in this space. These notes will NOT be assessed.

**Text 5**

5. (a) Why was Dalimkumar's horse called a *pokkhiraj* horse? **2**

ডালিমকুমারের ঘোড়াকে পক্ষিরাজ ঘোড়া কেন বলা হতো?

(b) What elements of this story prove that Dalimkumar was brave? **3**

ডালিমকুমার যে সাহসী, তার কী কী প্রমাণ এই গল্পে আছে?

Marks | You may make notes in this space. These notes will NOT be assessed.

**Text 6**

6. (a) According to the text, explain why plastics are so widely used in today's world. **4**

বর্তমান বিশ্বে প্লাস্টিক কেন এত বেশি ব্যবহৃত হয়, এই বর্ণনা থেকে তা বুঝিয়ে বল।

(b) How do environmentally friendly plastics assist in reducing the risks of environmental pollution? **2**

পরিবেশবান্ধব প্লাস্টিক কীভাবে পরিবেশ দূষণের ঝুঁকি কমাতে সাহায্য করে?

**End of Section 1**

BLANK PAGE

| Student/Registration Number | | | | | | | | | | | | Centre Number | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|

**2023** PUBLIC EXAMINATION

# Bengali

## Continuers Level

### Section 2: Reading and Responding (25 marks)

**Instructions to Students**

1. Allow approximately 1 hour and 10 minutes for Section 2.
2. Write all your answers to the questions in Section 2 in this booklet in black or blue pen.
3. You must answer ALL questions in Part A and Part B.
4. Answer Part A in ENGLISH and Part B in BENGALI.
5. Write your student/registration number and the centre number (if required) on the front cover of this booklet.
6. All question booklets will be collected at the end of the examination.

*© Victorian Curriculum and Assessment Authority 2023*

**Part A** (Questions 7–8)
(10 marks)

*Your response will be assessed on how well you:*
- *understand general and specific aspects of texts (for example, by comparing, contrasting, summarising and/or evaluating) and convey the information appropriately.*

7. Read the text and then answer in ENGLISH the questions that follow.

বেগম রোকেয়ার জন্ম বাংলাদেশের রংপুর জেলার পায়রাবন্দ গ্রামে ১৮৮০ সালে এবং মৃত্যু ভারতের কলকাতায় ১৯৩২ সালে। তিনি অসীম সাহসিকতা এবং সুদক্ষ একাগ্রতায় বাঙালি মেয়েদের শিক্ষা ও স্বাধীনতা অর্জনে কাজ করে গেছেন।

তিনি নিজে প্রথমে বড় ভাই এবং পরবর্তীতে স্বামীর সহযোগিতায় নিষ্ঠার সাথে লেখাপড়া শিখেছিলেন এবং উপলব্ধি করেছিলেন মেয়েদের শিক্ষা অর্জনের প্রয়োজনীয়তা। তিনি ব্যক্তিগতভাবে অনেক মেয়েকে লেখাপড়া শিখিয়েছিলেন। মুসলিম মেয়েদের জন্য প্রথম স্কুল স্থাপন করেছিলেন এবং তাঁর স্বামীর নামে এই স্কুলের নাম রেখেছিলেন সাখাওয়াত মেমোরিয়াল গার্লস স্কুল। এই স্কুলে তিনি নিজে ২৪ বছর শিক্ষকতা করেছিলেন।

বেগম রোকেয়া গল্প, প্রবন্ধ লেখায় ছিলেন পারদর্শী। তাঁর লেখা বিখ্যাত উপন্যাসগুলির মধ্যে আছে *মতিচুর, অবরোধবাসিনী, সুলতানার স্বপ্ন* ও *পদ্মরাগ*। একশ বছর আগে লেখা হলেও এই রচনাগুলি চিন্তা ও চেতনায় এতই আধুনিক ছিল যে সেগুলি আজও প্রাসঙ্গিক। রোকেয়া তাঁর *সুলতানার স্বপ্ন* উপন্যাসে এমন সমাজের চিত্র তুলে ধরেছেন যেখানে নারীরা মূল সিদ্ধান্ত নেন এবং সফল নেতৃত্ব দেন। নারীরাই জ্ঞানে, বিজ্ঞানে, কৃষিকাজে ও সরকার পরিচালনায় নতুন পদ্ধতি শুরু করে সমাজকে এগিয়ে নিয়ে যাচ্ছেন। *পদ্মরাগ* উপন্যাসে নিপীড়নের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর জন্য সাহসী নারীদের একটি দলগত প্রয়াসের কথা বলেছেন।

বাঙালি নারী উন্নয়নের যে পথচলা তাঁর হাত ধরে শুরু হয়েছিল, তা অনেক প্রতিকূলতা সত্ত্বেও এখনও অব্যাহত আছে। বর্তমান সমাজে কিছুটা উন্নয়ন দেখা গেলেও নারীরা অধিকার ও সুযোগ সুবিধা থেকে নানাভাবে বঞ্চিত। সেই কারণে বেগম রোকেয়ার অসামান্য অবদান আজ একশ বছর পরেও পিছিয়ে পড়া মানুষের মনে আশার আলো জ্বালায়।

QUESTIONS

**Marks**

(a) What did Begum Rokeya do for girls' education? **3**

(b) Explain why Begum Rokeya's contributions are still relevant and inspirational for people today. **3**

8. Read the text and then answer in ENGLISH the questions that follow.

**ব্যক্তিগত যোগাযোগের মাধ্যম হিসাবে চিঠি, ইমেইল ও মেসেজিং**

সময়ের সাথে সাথে আমাদের যোগাযোগের ধরনও বদলে যাচ্ছে। বিশেষ করে মানুষের সাথে মানুষের ব্যক্তিগত যোগাযোগের ক্ষেত্রে এই পরিবর্তন ব্যাপক। কয়েক শতাব্দী ধরে চিঠি ছিল এই ধরনের যোগাযোগের প্রধান মাধ্যম। যোগাযোগ ব্যবস্থার উন্নতি হওয়ার ফলে ডাক যোগাযোগের গতি বেড়ে গিয়েছিল। তারপর কম্পিউটার প্রযুক্তি ও ইন্টারনেটের ব্যাপক প্রসারের ফলে ইমেইল বা ইলেকট্রনিক মেইলের আবির্ভাব ঘটে। গত তিন দশকে ধীরে ধীরে ইমেইল, মোবাইল ফোন এবং অনলাইন এপ্লিকেশানের মাধ্যমে মেসেজ পাঠানোর হার এত বেড়ে গেছে যে, ব্যক্তিগত পর্যায়ে একে অপরকে কলম-পেন্সিলে চিঠি লেখা অচল হয়ে গেছে। বর্তমান তরুণ প্রজন্মের অনেকেরই চিঠি লেখার অভিজ্ঞতা নেই। সরকারী এবং ব্যবসায়িক কাজে কিছু চিঠিপত্র লেখা হলেও মানুষের ব্যক্তিগত যোগাযোগের ক্ষেত্রে ডাকবিভাগের ভুমিকা এখন গৌণ। আজকাল ডাকবিভাগের অন্যতম প্রধান কাজ হলো পার্সেল পরিবহন। ইন্টারনেটের প্রসারের ফলে অনলাইনে কেনাকাটা বেড়ে যাওয়ায় এই পরিবর্তন ঘটেছে।

ইলেকট্রনিক যোগাযোগের সুবিধা হলো তাৎক্ষণিক যোগাযোগ, খুবই কম খরচ, এবং ছবি, ফাইল ইত্যাদি সহজে পাঠানোর সুবিধা। যদিও ডিজিটাল পরিবেশে তথ্যের গোপনীয়তা রক্ষা আজকাল বেশ ভাবনার কারণ হয়ে দাঁড়িয়েছে। ইন্টারনেটের খরচ পৃথিবীর সব দেশে সমান নয়, এবং অনেক মানুষের কাছে কম্পিউটার ও মোবাইল ফোন এখনও সহজলভ্য নয়। ফলে ডাকব্যবস্থা এখনও সেই সব মানুষের জন্য একটি প্রয়োজনীয় সেবা।

QUESTIONS

**Marks**

(a) Explain why the postal service in some countries will continue to deliver letters. **2**

(b) How has the internet affected the postal service? **2**

**Part B** (Question 9)
(15 marks)

---

*Your response will be assessed on how well you:*
- *demonstrate an understanding of the stimulus text*
- *write text appropriate and relevant to context, purpose and audience*
- *structure and sequence information and ideas*
- *manipulate language structures and vocabulary in Bengali.*

---

9. Read the text and then answer the question in approximately 150 words in BENGALI on page 8.

**কৃত্রিম বুদ্ধিমত্তা (Artificial Intelligence)**

গত মাসে একটি বিজ্ঞান বিষয়ক পত্রিকাতে নিচের প্রবন্ধটি ছাপা হয়েছে, যেখানে কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তির ভালো ও খারাপ দিকগুলি আলোচনা করা হয়েছে।

"এই প্রযুক্তি মানুষের কথ্য ও লিখিত ভাষা বুঝতে পারে এবং সেই ভাষাতে নির্দেশনা নিয়ে, ইন্টারনেটের তথ্যভান্ডার খুঁজে দ্রুতগতিতে উত্তর দিতে পারে। এর আগে যত কম্পিউটার প্রোগ্রাম তৈরি হয়েছে সেগুলিকে কম্পিউটারের প্রোগ্রামিং ভাষাতে নির্দেশনা দিতে হতো, ফলে সাধারণ মানুষেরা সেসব ব্যবহার করতে পারত না। কিন্তু কৃত্রিম বুদ্ধিমত্তার সাম্প্রতিক অগ্রগতি সাধারণ মানুষের হাতের নাগালে পৌঁছেছে। যে কেউই এই প্রযুক্তিকে একটি কঠিন বিষয়ে রচনা লিখতে বলতে পারে, অথবা দুটো বিষয়ের তুলনা করতে বলতে পারে। আরো অগ্রগতি হলে এই প্রযুক্তি ট্রাফিক আইন মেনে গাড়ি চালাতে পারবে, এবং বাসার বা অফিসের নানা কাজ করে দিতে পারবে।

তবে কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তি মানুষের সহজাত চিন্তা করার ক্ষমতাকে নষ্ট করে দিতে পারে। বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা রচনা, প্রবন্ধ নিজে না লিখে কোনো অ্যাপ ব্যবহার করে লিখতে পারে, যাতে ভবিষ্যৎ প্রজন্মের শিক্ষা প্রশ্নের সম্মুখীন হয়ে পড়বে। অনেকে মনে করেন এই প্রযুক্তি সমাজে বেকার সমস্যাকে প্রকট করে তুলবে।"

QUESTION

Some people are concerned about the negative features of Artificial Intelligence (AI), but you think that AI is a positive technology and very helpful for society and the economy. Drawing on the information in the article, write a speech for a science fair at your school that argues in favour of AI, and encourages others to support your views.

কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তির খারাপ দিক নিয়ে কেউ কেউ চিন্তিত, কিন্তু তুমি মনে কর যে এটি একটি ভালো প্রযুক্তি এবং সমাজ ও অর্থনীতির জন্য খুবই ইতিবাচক ও প্রয়োজনীয়। তোমার স্কুলের বিজ্ঞানমেলায় তুমি একটি বক্তব্য প্রদান করবে কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তিকে সমর্থন করে, এবং অন্যদের তোমার মতামত সমর্থন করতে অনুপ্রাণিত করে। এই প্রবন্ধের তথ্যের উপর ভিত্তি করে তোমার বক্তব্যটি লেখ।

---

You may make notes in this space. These notes will NOT be assessed.

Do not remove this page from the question booklet.

Student/Registration Number

Centre Number

Bengali Continuers Level

Question 9

**End of Section 2**

BLANK PAGE

Student/Registration Number | | | | | | | | | | | Centre Number | | | | | | |

## 2023 Public Examination

# Bengali
## Continuers Level

### Section 3: Writing in Bengali (20 marks)

**Instructions to Students**

1. Allow approximately 40 minutes for Section 3.
2. Write your answer to a question from Section 3 in this booklet in black or blue pen. Space is provided for you to make notes.
3. You must answer ONE question in BENGALI.
4. Write your student/registration number and the centre number (if required) on the front cover of this booklet.
5. All question booklets will be collected at the end of the examination.

© Victorian Curriculum and Assessment Authority 2023

**Section 3** (Questions 10–12)
(20 marks)

---

*Your response will be assessed on how well you:*
- *demonstrate depth of treatment of information, ideas and/or opinions*
- *write text appropriate and relevant to context, purpose and audience*
- *structure and sequence information and ideas*
- *manipulate language structures and vocabulary in Bengali.*

---

Answer ONE question from this section in approximately 250 words in BENGALI.

10. You have obtained a time machine and have travelled 50 years into the future for one full day. Write an imaginary story about that trip into the future, to be read to primary-school children.

    তুমি একটি সময়-যন্ত্র পেয়েছ, যার সাহায্যে তুমি ৫০ বছর পরের একটি দিনে ঘুরে এসেছ। তোমার ভ্রমণ বর্ণনা করে একটি কাল্পনিক গল্প লেখ, যা প্রাইমারি স্কুলের বাচ্চাদের বলতে পারবে।

11. You recently spent holidays with your family in a foreign country. There, you visited one of the country's tourist attractions and enjoyed it very much. Write a letter to your friend describing your experience and your feelings while visiting that place.

    সম্প্রতি তুমি পরিবারের সঙ্গে অন্য একটি দেশে ছুটি কাটিয়ে ফিরেছ। সে দেশের একটি আকর্ষণীয় স্থান তুমি পরিদর্শন করেছ, যা তোমার খুব ভালো লেগেছে। তোমার সেই স্থানে ভ্রমণের অভিজ্ঞতা এবং অনুভূতি জানিয়ে তোমার বন্ধুকে একটি চিঠি লেখ।

12. Write an evaluative review of a movie or a television program that you watched recently, to be published in a Bengali monthly magazine that is published in your city.

    তোমার সম্প্রতি দেখা যে কোনো একটি ছায়াছবি বা টেলিভিশন অনুষ্ঠানের একটি পর্যালোচনা লেখ, তোমাদের শহরে প্রকাশিত একটি বাংলা মাসিক পত্রিকার জন্য।

You may make notes in this space. These notes will NOT be assessed.

Question Number:

**End of Section 3**